

২০২৩

বাংলা

[স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)]

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-103

(বানানবিধি, প্রফসংশোধন, পরিভাষা, কন্টেন্ট রাইটিং)

পূর্ণমান : ৩৫

সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫
- ক) পরিভাষা বলতে কী বোঝ?
- খ) প্রফ সংশোধনের কম্পোজ ম্যাটারের যে-কোনো দুটি চিহ্ন দেখাও।
- গ) বাংলা সঠিক বানানের যেকোনো একটি বিধি লেখো।
- ঘ) পরিভাষা লেখ (যে-কোনো একটি): Race, Draft
- ঙ) কন্টেন্ট রাইটিং-এর একটি বৈশিষ্ট্য লেখ।
- চ) কন্টেন্ট রাইটিং হতে পারে এমন দুটি সামাজিক মাধ্যমের নাম বল।
- ছ) প্রফ সংশোধনের ক্ষেত্রে # এই চিহ্নটি কী কাজে ব্যবহৃত হয়?
- জ) কোনো অক্ষর বাদ দিতে প্রফ সংশোধনের ক্ষেত্রে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০
- ক) পরিভাষা লেখ (যে-কোনো পাঁচটি):
Manuscript, Capital, Amend, Tender, Data Bank,
Grievance, Ideology, Souvenir
- খ) প্রফ সংশোধনের প্রয়োজনীয়তা কী?
- গ) গণমাধ্যমে কোন বিষয় লেখার ক্ষেত্রে কী কী বিষয়ে খেয়াল রাখতে হয় তা নিজের ভাষায় লেখো।

[পরের পাতায়]

ঘ) উদাহরণসহ পশ্চিমবঙ্গ বাংলা একাডেমির যেকোনো পাঁচটি বানানবিধির উল্লেখ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

ক) একজন সফল কনটেন্ট রাইটারের কী কী দক্ষতা অর্জন করা প্রয়োজন সে বিষয়ে নিজের মতামত ব্যক্ত করো।

খ) সমাসবদ্ধ পদ সহ বিভিন্ন পদ তথা উদ্ধৃতির ক্ষেত্রে বাংলা বানানের অবশ্য পালনীয় বিধিগুলি বর্ণনা করো।

গ) টীকা লেখো (যে-কোনো দুটি) :

(অ) ফেসবুক; (আ) ইনস্টাগ্রাম; (ই) ব্লগ; (ঈ) ওয়েবজিন

ঘ) প্রুফ সংশোধন করো :

আজ আ মার বয়স আশি বসর পূর্ণ হল, আমার জীবনক্ষেত্রের বিস্তীর্ণতা আজ আমার সম্মুখে প্রসারিত। পূর্বতম দিকন্তে যে জীবন আরম্ভ হয়েছিল তার দৃশ্য অপর প্রান্ত থেকে নিঃসত্ত দৃষ্টিতে দেখতে পাচ্ছি এবং অনুভব করতে পারছি যে আমার জীবনের এবং সমস্ত দেশের মনোবৃত্তির পরিণত দ্বিখণ্ডিত হয়ে গেছে। সেই দুঃখের গভীর কারণ বিচ্ছিন্নতার মধ্যে আছে।

বৃহৎ মানববিশ্বের সঙ্গে আমাদের প্রত্যক্ষ পরিচয় আরম্ভ হয়েছে সেদিনকার ইংরেজ জাতির ইতিহাস।

আমাদের অভিজ্ঞতার মধ্যে উদ্ঘটিত হল একটিমহৎ সাহিত্যের উচ্চশিখর থেকে ভারতের এই আশুস্তুকের চরিত্র পরিচয়।

[মূল পাণ্ডুলিপি: আজ আমার বয়স আশি বৎসর পূর্ণ হল, আমার জীবনক্ষেত্রের বিস্তীর্ণতা আজ আমার সম্মুখে প্রসারিত। পূর্বতম দিকন্তে যে জীবন আরম্ভ হয়েছিল তার দৃশ্য অপর প্রান্ত থেকে নিঃসত্ত দৃষ্টিতে দেখতে পাচ্ছি এবং অনুভব করতে পারছি যে, আমার জীবনের এবং সমস্ত দেশের মনোবৃত্তির পরিণত দ্বিখণ্ডিত হয়ে গেছে। সেই বিচ্ছিন্নতার মধ্যে গভীর দুঃখের কারণ আছে। বৃহৎ মানববিশ্বের সঙ্গে আমাদের প্রত্যক্ষ পরিচয় আরম্ভ হয়েছে সেদিনকার ইংরেজ জাতির ইতিহাস। আমাদের অভিজ্ঞতার মধ্যে উদ্ঘটিত হল একটি মহৎ সাহিত্যের উচ্চশিখর থেকে ভারতের এই আশুস্তুকের চরিত্র পরিচয়।]